

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বরই পাতার গোসলের নিয়ম:

এই পদ্ধতিটা যাদুটোনার চিকিৎসায় খুবই উপকারি:

উপকারিতা বিবেচনায় সিহরের বিভিন্ন চিকিৎসা পদ্ধতির মান নির্ণয় করলে, হয়তো বা এটাই সবার উপরে থাকবে।

* এখন আমরা সংক্ষেপে বরই পাতা বেটে/বেলেন্ডার করে বা পিষে নিয়ে সিহরের (যাদুটোনার) চিকিৎসায় রুকইয়ার গোসলের পদ্ধতি সম্পর্কে জানবো ইনশাআল্লাহ।

সুস্থতা লাভ করে সুখি ও সুন্দর জীবনের লক্ষ্যে আপনাকে দেওয়া নিচের সাজেশন ফলো করতে থাকুন।

আমল নং-১

(ক) এক বালতি গোসলের পানি নিন, এরপর সাতটি তাজা বরই পাতা (কুল বলা হয় অনেক এলাকায়) বেটে নিয়ে (সম্ভব হলে পাটায় পিষে) বালতির পানিতে গুলিয়ে নিন।

(খ) এরপর নিচের সুরা ও আয়াতগুলো পড়ুন, পড়ার মাঝে মাঝে পানিতে ফুঁ দিতে পারেন, এরপর এখান থেকে তিন ঢোক পানি পান করুন, বাকিটা দিয়ে গোসল করুন।

(গ) যদি গোসলের পানি খাওয়ার অনুপযোগী হয় তবে গোসলের জন্য বালতিতে পানি নিন ও খাওয়ার জন্য এক গ্লাস পানি আলাদা করে নিন, এরপরে বরই পাতা পিষে (ব্লেন্ডার করেও নিতে পারেন) গ্লাসের পানিতে ৩/১ (তিন ভাগের এক ভাগ) দিন, আর বাকি ২ ভাগ বালতির পানিতে মিশিয়ে দিন, এরপর নিচের সূরা ও আয়াতগুলো পড়ে উভয় পানিতে ফু দিবেন।

(ঘ) এরপরে গ্লাসের পানি পান করে নিন, আর গোসলের পানি দিয়ে গোসল করে নিন।

আমল নং-২

এভাবে নিয়ত করে শুরু করবেন।

ইয়া আল্লাহ! আপনার নামে এবং একমাত্র আপনার উপরই ভরসা করে এই আমল শুরু করছি, আমার জ্বিন অথবা মানুষ কর্তৃক যাদুটোনা সংক্রান্ত সমস্যা থেকে মুক্ত হয়ে সুস্থ হওয়ার জন্য এই আমলগুলো করছি, ইয়া আল্লাহ! আপনার শেফা ও অনুগ্রহ দ্বারা আমাকে পরিপূর্ণ সুস্থ করে দিন।

আমল নং-৩

কুরআন শরীফ থেকে যেই সূরা-আয়াত পড়বেন:

(১) بِسْمِ اللّٰهِ ۝ اَعُوْذُ بِاللّٰهِ (১) সহ সূরা ফাতিহা ৩ বার

(৪) আয়াতুল কুরসী ৩ বার

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ۚ لَا تَأْخُذُهُ سِنَّةٌ وَلَا نَوْمٌ ۚ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ ۚ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۚ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ *

(৩) সূরা আরাফ (আয়াত ১১৭ থেকে ১২২) ৩ বার

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

وَأَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَلْقِ عَصَاكَ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ * فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ * فَغَلَبُوا هُنَالِكَ وَانْقَلَبُوا صَاغِرِينَ * وَأَلْقَى السَّحْرَةَ سَاجِدِينَ * قَالُوا آمَنَّا بِرَبِّ الْعَالَمِينَ * رَبِّ مُوسَىٰ وَهَارُونَ *

(৪) সূরা ইউনুস (আয়াত ৮১ ও ৮২) ৩ বার

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

فَلَمَّا أَلْقَوْا قَالَ مُوسَىٰ مَا جِئْتُمْ بِهِ السَّحْرُ إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُ إِنَّ اللَّهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِينَ * وَيُحِقُّ اللَّهُ الْحَقَّ بِكَلِمَاتِهِ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ

(৫) সূরা শ্বাহা (আয়াত নং ৬৯) ৩ বার

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

وَأَلْقِ مَا فِي يَمِينِكَ تَلْقَفْ مَا صَنَعُوا ۗ إِنَّمَا صَنَعُوا كَيْدٌ سَاحِرٌ وَلَا يُفْلِحُ السَّاحِرُ حَيْثُ أَتَى *

(৬) সহ সূরা ইখলাস ৩ বার بِسْمِ اللَّهِ

(৭) সহ সূরা ফালাক ৩ বার بِسْمِ اللَّهِ

(৮) সহ সূরা নাস ৩ বার بِسْمِ اللَّهِ

(৯) এস্তেগফার ও দুরুদ শরিফ ৩ বার করে।

- * ইনশাআল্লাহ প্রথম গোসলেই যাদু নষ্ট হয়ে যাবে।
- * প্রয়োজনে একই নিয়মে একাধারে ৩ দিন গোসল করুন।

দ্রষ্টব্যঃ

- ক.** এই বরই পাতা মেশানো পানি চুলার আগুনে গরম করবেন না, এর সাথে অন্য পানি মিশাবেন না।
- খ.** আর বরই পাতা না পেলে, কর্পূর পাতা অথবা অল্প পরিমাণ কর্পূর দিয়ে বা ওটাও না পেলে, নিম পাতা দিয়ে একই নিয়মে গোসল করুন, তবে বরই পাতাই উত্তম।
- গ.** পাত্রে বা বালতিতে পানি অবশ্যই বাথরুম থেকে বাইরে এনে সুরা ও দুয়াগুলো পড়বেন (বাথরুমের ভিতরে কুরআনের আয়াত পড়বেন না)।

বিশেষ দ্রষ্টব্যঃ

মেয়েরা তাদের মেয়েলি সংক্রান্ত সময়ে এটা রেডি করতে পারবেনা, যদি অন্য কেউ সুরা ও আয়াতগুলো পড়ে রেডি করে দেয়, তাহলে ওই অবস্থায়ও এই বরই পাতার গোসল করতে পারবে)।

লক্ষণীয়ঃ

(ক) যে কয়দিন বরই পাতার গোসল করবেন, ওই কয়দিন আর অন্য কোনো রুকইয়ার গোসল করার প্রয়োজন নেই।

(খ) ধরুন আপনি বদ-নজর বা যাদুর রুকইয়াহ করতেছেন, আপনাকে বলা হইলো আপনি ১ দিন বা ৩ দিন বরই পাতার গোসল করবেন, তখন বদ-নজর বা যাদুর রুকইয়াহ ঠিকই করবেন, কিন্তু বদ-নজর বা যাদুর গোসলটা করবেন না, বদ-নজর বা যাদুর গোসলের পরিবর্তে তখন শুধু বরই পাতার গোসল করলেই চলবে (যে কয়দিন বলা হবে)।

(গ) বরই পাতার গোসল শেষ করার পরের দিন থেকে আবার সাজেশনের নিয়ম অনুযায়ী গোসল করবেন।
আশা করছি আপনারা ক্রিয়ার বুঝতে পেরেছেন।

* বিভিন্ন যুগের অনেক বিখ্যাত আলেমদের সাজেস্টেড পদ্ধতি এটা, আল্লাহ তায়ালার রহমতে জাদু-টোনার চিকিৎসায় এই গোসল খুবই উপকারী, আল্লাহ তায়ালা চাইলে আপনিও উপকার পাবেন ইনশাআল্লাহ।

হে আল্লাহ! আমাদেরকে সুস্থ ও নেক হায়াত দান করুন।

(সমাপ্ত)